# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 11 May, 2025

গত কয়েকদিনের টানা তাপদাহে জনজীবন অতিষ্ঠ হয়ে পড়েছে। প্রচণ্ড গরমের সাধারণ ও কর্মজীবী মানুষের ভোগান্তি আর কষ্ট বেড়েছে। তবে সবচেয়ে বিপাকে পড়েছেন খেটে খাওয়া মানুষ। তীব্র রোদের কারণে দিনমজুর, রিকশাচালক ও ভ্যানচালকরা কাজ করতে পারছেন না। এদিকে কাজ না করলে খাবার জুটবে না। তাই পেটের তাড়নায় প্রচণ্ড দাবদাহ উপেক্ষা করে কাজে বেরিয়েছেন অনেকে। অসহ্য গরমে অনেকে অসুস্থ হয়ে পড়ছেন। তাই তাদের পাশে মানবতার হাত বাড়িয়ে দিয়েছে বাগেরহাট জেলা ছাত্রদলের নেতা মামুন আহমেদ ও তার সহযোগীরা।

রবিবার (১১ মে) দুপুরে বাগেরহাট শহরের রাহাতের মোড়, সাধনার মোড়সহ বিভিন্ন স্থানে খেটে খাওয়া মানুষ ও পথচারীদের মাঝে ক্যাপ, বিশুদ্ধ পানি ও খাবার স্যালাইন বিতরণ করে বাগেরহাট ছাত্রদল।

গরমে হাঁসফাঁস অবস্থা। একটুখানি পানির পিপাসা মেটাতেও প্রয়োজন হয় ন্যূনতম ২০ টাকার। টাকার ভয়েই আর ঠাণ্ডা পানিও খাওয়া হয় না। পথের মাঝে হঠাৎই এক যুবক রিকশা থামানোর সংকেত দেন।এক পাশে দাঁড়াতেই হাসিমুখে এক বোতল ঠাণ্ডা পানি, ক্যাপ আর স্যালাইন দেন। তপ্ত রোদে মনটা শীতল এক আনন্দে ভরে ওঠে শুকুর আলী।

সারা দেশের বিভিন্ন অঞ্চলে এভাবেই মামুন শেখের মতো খেটে খাওয়া মানুষের মুখে হাসি ফুটিয়েছেন বাগেরহাট জেলা ছাত্রদল ।

রাস্তাঘাটে বিনা মূল্যের বিশুদ্ধ পানির সংকটে নিম্ন আয়ের মানুষ পর্যাপ্ত পানির চাহিদা পূরণ করতে পারছে না।এসব মানুষের পানির চাহিদা মেটাতে ও ক্লান্তি দূর করতে কিছু টা স্বস্তি দিতে খাওয়ার স্যালাইন ও বিশুদ্ধ পানি বিতরণ করছে বাগেরহাট জেলা ছাত্রদলের নেতা মামুন আহমেদ ও তার সহযোগীরা।

বাগেরহাট জেলা ছাত্রদলের নেতা মামুন আহমেদের দেওয়া পানি ও স্যালাইন পেয়ে অটোচালক মোস্তাফিজুর রহমান বলেন,সারা দিনে তাঁর অল্প রোজগার হয়।এই অল্প আয়ে পাঁচ সদস্যের পরিবারের দৈনিক তিন বেলার পরিপূর্ণ খাবার জোগাড় করা সম্ভব হয় না।এই অভাবের মাঝে ঠাণ্ডা পানি ও স্যালাইন কিনে খাওয়া অসম্ভব।এ সময় তিনি বিশুদ্ধ ঠাণ্ডা পানি ও স্যালাইন পেয়ে তাদের প্রতি কৃতজ্ঞতা জানাই।

ভ্যানচালক আবু বকর বলেন'এই গরমে শরীল না চললেও সংসারের খরচ চালাতে বাধ্য হইয়েই ভ্যান নিয়ে বার হয়েছি।একখান খ্যাপ নিয়ে আইসি এসে দেখি পানি আর স্যালাইন দেওয়া হচ্ছে।আমরা গরিব মানুষ, আমাদের তো সামর্থ্য নাই যে এইগুলো কিনে খাব।এসে দেখি ক্যাপ ,পানি আর সেলাইন খাইয়ে একটু শান্তি পালাম।

এসময় বিতরণ কার্যক্রমে উপস্থিত ছিলেন বাগেরহাট জেলা ছাত্রদলের নেতা শেখ আল মামুন, শামিম মুন্সি, আল-আমিন শেখ, বাহাউদ্দীন শেখ, রাফি শেখ, ইমন শেখ, রবিউল মুন্সি, রাজ শেখ, রাজসহ আরো অনেকে।

বাগেরহাট জেলা ছাত্রদলের নেতা শেখ মামুন আহমেদ বলেন ,স্যালাইন, পানি ও ক্যাপ , এই গরমে শ্রমজীবী মানুষকে পানি খাওয়াতে পেরেছি, এটা আমাদের জন্য অনেক বড় পাওয়া। ক্ষুধার তাড়নায় প্রচণ্ড গরম উপেক্ষা করে কাজে বেরিয়েছেন অনেকে।চলতি পথে পানি ঠাণ্ডা পেয়ে প্রশান্তির হাসি ফুটে ওঠে খেটে খাওয়া মানুষের মুখে।বাগেরহাট জেলা ছাত্রদল সর্বদা শুভ কাজে সবার পাশে আছে এবং থাকবে।

গরম ছাত্রদল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:59

URL: https://www.timestodaybd.com/khulna/2329775807